

**AKASHVANI (AIR)**  
**RNU : KOLKATA**  
**Bengali Text Bulletin**

**Date: 31.10.2024**

**Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) আবাস যোজনা প্রকল্প থেকে বাদ পড়া উপভোক্তাদের তথ্য রাজ্য সরকার ফের যাচাইয়ের নির্দেশ দিয়েছে। যোগ্য প্রাপকদেরকেই পর্যায়ক্রমে আবাস প্লাস প্রকল্পের অন্তর্ভুক্ত করা হবে বলে মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা আলাপান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।
- ২) রাজ্যের ৬ টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা গতকাল শেষ হয়েছে। অতিরিক্ত ১৯ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী মোতায়েনের সিদ্ধান্ত নির্বাচন কমিশনের।
- ৩) সর্দার বল্লাভভাই প্যাটেলের জন্মদিনটি আজ রাষ্ট্রীয় একতা দিবস হিসাবে পালিত হচ্ছে। দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী ইন্দিরা গান্ধীর প্রয়ান দিবস আজ।
- ৪) আজ আলোর উৎসব দীপাবলী ও কালিপুজো।
- ৬) আইএসএল ফুটবলে গতকাল মোহনবাগান সুপারজায়ান্ট ২-০ গোলে হায়দ্রাবাদ এফসিকে হারিয়ে দিয়েছে।

---

আবাস যোজনা প্রকল্প থেকে যে সব উপভোক্তার নাম প্রাথমিকভাবে বাদ পড়েছে রাজ্য সরকার তাদের বিস্তারিত তথ্য পুনরায় যাচাই করার নির্দেশ দিয়েছে। মুখ্য সচিব

মনোজ পন্থ গতকাল নবান্নে, চলতি আবাস যোজনা প্রকল্পের সমীক্ষার কাজ নিয়ে পঞ্চগয়েত ও সংশ্লিষ্ট দপ্তরের আধিকারিকদের সঙ্গে এক পর্যালোচনা বৈঠক করেন। প্রকল্পের সুবিধা থেকে ন্যায্য প্রাপকরা যাতে কোনোভাবেই বঞ্চিত না হন, তা সুনিশ্চিত করতে হবে বলে আধিকারিকদের তিনি নির্দেশ দিয়েছেন। নবান্ন সূত্রে জানা গিয়েছে, এই নিয়ে যে কোনরকম বিভ্রান্তি এড়ানোর ওপরেও জোর দিয়েছেন মুখ্য সচিব।

---

রাজ্য সরকার, যোগ্য প্রাপকদেরকেই পর্যায়ক্রমে আবাস প্লাস প্রকল্পের অন্তর্ভুক্ত করবে বলে মুখ্যমন্ত্রীর মুখ্য উপদেষ্টা আলাপান বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন। গতকাল নবান্নে এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, রাজ্য জুড়ে আবাস সমীক্ষার কাজ শুরু হয়েছে। যোগ্য প্রাপকদের তালিকাভুক্তি এবং যাদের ইতোমধ্যেই পাকা বাড়ি রয়েছে, তাদের নাম তালিকা থেকে বাদ দেওয়াই এর উদ্দেশ্য। এই সমীক্ষা নিয়ে বিভ্রান্ত ছড়াচ্ছে বলে তিনি জানান।

### বাইট আলাপন

কেন্দ্রীয় সরকার টাকা না দেওয়ায় রাজ্য সরকার নিজেরাই কর্মশ্রী প্রকল্প রূপায়ন করছে বলেও তিনি জানান। ৪৩ লক্ষ গ্রামীণ শ্রমিক এর ফলে উপকৃত হয়েছেন। তৈরি হয়েছে মোট ২৩ কোটি শ্রম দিবস। গড়ে বার্ষিক ৫৪ দিন শ্রমিকরা কাজ পেয়েছেন বলেও আলাপন বাবু জানিয়েছেন। পাশাপাশি পথশ্রী প্রকল্পের আওতায় রাজ্য সরকার নিজেরাই ২৫ হাজার কিলোমিটার গ্রামীণ সড়ক তৈরি করেছে।

সাম্প্রতিক ঘূর্ণিঝড় দানার প্রভাবে ক্ষতিগ্রস্ত কৃষকরা উপযুক্ত ক্ষতিপূরণ পাবেন বলেও মুখ্য উপদেষ্টা জানিয়েছেন। এই লক্ষ্যে ৩০ শে নভেম্বর পর্যন্ত বাংলার শস্য বীমা প্রকল্পে নাম নথিভুক্তির কাজ চলছে। এর জন্য কৃষকদের কোনো প্রিমিয়াম দিতে হবে না।

আবাস যোজনা প্রকল্পের দুর্নীতি নিয়ে মানুষের ক্ষোভের যে বহিঃপ্রকাশ ঘটছে, সেগুলি রাজ্য সরকারের খতিয়ে দেখা উচিত বলে রাজ্যপাল সিভি আনন্দ বোস মন্তব্য করেছেন। কলকাতায় গারস্টিন প্লেসে কংগ্রেস মন্তব্য করেন। সংবাদমাধ্যমের কাছে রাজ্যপাল বলেন, পশ্চিমবঙ্গে রাজনীতি ও দুর্নীতি সমার্থক হয়ে দাঁড়িয়েছে। এর বিরুদ্ধে সকলকে একযোগে লড়াই করতে হবে।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী রাজ্যের আবাস সমীক্ষার সমালোচনা করেছেন। তিনি বলেন, সমীক্ষায় বেছে বেছে ন্যায্য প্রাপকদের বাদ দেওয়া হচ্ছে।

বাইট

বরিষ্ঠ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী বলেছেন, তৃণমূল কংগ্রেস নেতাকর্মীরা আবাস যোজনার নামে লুণ্ঠপাট চালাচ্ছেন।

বাইট

বিরোধীরা আবাস প্রকল্পে বাধা দিচ্ছে বলে তৃণমূল কংগ্রেসের মুখপাত্র কুনাল ঘোষ মন্তব্য করেছেন।

## বাইট

---

রাজ্যের ৬টি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা গতকাল শেষ হয়েছে।

সিতাই, মাদারিহাট, নৈহাটি, হাড়োয়া, মেদিনীপুর ও তালডাংরা আসনে ৬২টি মনোনয়ন জমা পড়ে। সেগুলি পরীক্ষার পর প্রতিদ্বন্দিতার আসরে আছেন ৪৩ জন। নির্বাচন কমিশনের দেওয়া তথ্য অনুযায়ী, উত্তর চব্বিশ পরগণা জেলার নৈহাটি ও হাড়োয়া এই দুই কেন্দ্রে সবচেয়ে বেশি ৯ জন করে প্রার্থী প্রতিদ্বন্দিতার আসরে রয়েছেন। এদিকে, দক্ষিণবঙ্গের দুই বিধানসভা আসন মেদিনীপুর ও বাঁকুড়া জেলার তালডাংরা কেন্দ্রে ৫ জন করে প্রতিদ্বন্দিতা করছেন।

উত্তরবঙ্গের দুই কেন্দ্র কোচবিহার জেলার সিতাই ও আলিপুরদুয়ার জেলার মাদারিহাট কেন্দ্রে ৭ জন করে প্রার্থী প্রতিদ্বন্দিতা করবেন। উল্লেখ্য, একটি মাত্র প্রার্থীপদ প্রত্যাহার করা হয়েছে। ভোট নেওয়া হবে ১৩ ই নভেম্বর।

---

রাজ্যে ছয় বিধানসভা কেন্দ্রের আসন্ন উপনির্বাচনের জন্য আরো ১৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করেছে নির্বাচন কমিশন। এর মধ্যে ৫ কোম্পানি সিআরপিএফ, ১০ কোম্পানি বিএসএফ এবং ২ কোম্পানি করে, সিআইএসএফ ও আইটিবিপি-র জওয়ান মোতায়েন করা হচ্ছে। আগেই উপনির্বাচনের জন্য ৮৯ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করার কথা জানানো হয়েছিল। বাড়তি ১৯ কোম্পানি বাহিনী এর সঙ্গে যোগ হওয়ার ফলে বাহিনীর সংখ্যা বেড়ে হল ১০৮ কোম্পানি। সিআরপিএফের

আইজি বিকে শর্মাকে রাজ্যে বাহিনী সমন্বয়কারী বা ফোর্স কো-অর্ডিনেশনের দায়িত্ব দেয়া হচ্ছে।

---

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে সরদার বল্লভ ভাই প্যাটেল এর জন্মদিন আজ উদযাপিত এই দিনটি জাতীয় ঐক্য দিবস বা জাতীয় একতা দিবস হিসেবে পালিত হয়। জাতীয়তাবাদী নেতা বল্লভ ভাই প্যাটেল জাতীয় সংহতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন। ভারতের লৌহ মানব হিসেবে তাকে আখ্যা দেওয়া হয়েছিল।

রাষ্ট্রীয় একতা দিবস উলপক্ষে গতকাল ফেয়ারলি প্লেসে পূর্ব রেলের সদর দপ্তরে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। পূর্ব রেলের জেনারেল ম্যানেজার মিলিন্দ দেওস্কর সহ কর্মী আধিকারিকরা সদর প্যাটেলের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন।

---

আর জি করের নির্যাতিতার জন্য ন্যায়বিচারের দাবিতে চিকিৎসকরা গতকাল সিজিও কমপ্লেক্স অভিযানে অংশ নিয়েছেন। হাতে মশাল নিয়ে রাজ্য রাজ্য মেডিকেল কাউন্সিল থেকে এদিন মিছিল শুরু হয়। অংশ নেন সিনিয়ার জুনিয়ার ডাক্তাররা ছাড়াও অসংখ্য সাধারণ মানুষ।

এদিকে, পাল্টা মিছিল করেছেন নব গঠিত জুনিয়ার ডক্টরস অ্যাসোসিয়েশনের সদস্যরাও। এদের বিরুদ্ধে মেডিকেল কলেজগুলিতে হুমকি সংস্কৃতি চালানোর অভিযোগ করেছেন ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ফ্রন্টের সদস্যরা।

---

বিক্ষোভ আন্দোলনের মধ্যেই একাধিক জেলায় নারী নির্যাতনের খবর মিলেছে।

নদীয়ার কল্যাণী থানার কাঁচরাপাড়া রেল সেতুর নীচে এক গৃহবধূকে গণধর্ষণের অভিযোগে ৮ জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। জানা গেছে, গতকাল ভোরে স্বামীর সঙ্গে রেলসেতুর নীচে দিয়ে যাওয়ার সময় ঐ বধূকে গণধর্ষণ করা হয়। কল্যাণী থানায় অভিযোগ জানানো হলে একে একে ৮ জনকে গ্রেপ্তার করে পুলিশ। তদন্তে ফরেনসিক বিশেষজ্ঞদের সাহায্য নেওয়া হচ্ছে। নির্যাতিতার মেডিকেল পরীক্ষা করা হয়েছে বলে রানাঘাট পুলিশ জেলার অতিরিক্ত সুপার সিদ্ধার্থ ধাপোলা জানিয়েছেন। ধৃতদের মধ্যে চার জনকে আজ আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজত হয়েছে।

---

বর্ধমানের বিজয় গ্রামে বন্ধুর সঙ্গে ঘুরতে বেরিয়ে গণধর্ষণের শিকার হয়েছে এক তরুণী। জানা গেছে, বছর ২০-র ঐ মেয়েটি মঙ্গলবার বন্ধুর সঙ্গে ঘুরতে বেরোলে রাত ৯ টা নাগাদ জনা পাঁচেক যুবক তাদের পথ আটকায়। সঙ্গে থাকা টাকা পয়সা ও মোবাইল কেড়ে নিয়ে তরুণীকে ধর্ষণ করে। রাতে থানায় অভিযোগ দায়েরের পর মূল অভিযুক্ত শেখ সোলেমান সহ পাঁচজনকে গ্রেপ্তার করা হয়। ধৃত রোহিত মির্জা, শেখ সিরাজ, শেখ হাসগর এবং মহম্মদ আরিফ এলাকারই বাসিন্দা। এদিন ম্যাজিস্ট্রেটের কাছে গোপন জবানবন্দী দিয়েছেন তরুণী এবং তার বন্ধু। আজ তাদের আদালতে তোলা হলে সাত দিনের পুলিশ হেফাজত হয়েছে।

---

আজ কালীপূজো ও দীপাবলি। রাজ্যবাসী একদিকে যেমন মেতে উঠেছেন শক্তির দেবীর আরাধনায়, তেমনি আলোর উৎসব দীপাবলি-তে। ঠাকুর শ্রী রামকৃষ্ণ স্মৃতি

বিজড়িত দক্ষিণেশ্বর ভবতারিণী মায়ের মন্দির, কালীঘাটে কালী মায়ের মন্দির, তারাপীঠ, আদ্যা পীঠ, লেক কালীবাড়ি, ঠনঠনিয়া কালীবাড়ি, ফিরিঙ্গি কালীবাড়ি, করুণাময়ী কালীবাড়ি, হালিশহরে ভক্ত রামপ্রসাদের ভিটের কালী পূজো, নৈহাটির বড়মার কালীপূজো, হংশেশ্বরী মায়ের মন্দিরের কালীপূজোতে বিপুল জনসমাগম হয়েছে। রঙিন আলোক মালায় সেজে উঠেছে শহর থেকে গ্রাম।

### একটি প্রতিবেদন-

---

কালি পূজো উপলক্ষ্যে কলকাতা মেট্রো আজ বিশেষ ট্রেন চালাবে। কবি সুভাষ ও দক্ষিণেশ্বর দুই প্রান্ত থেকেই এই বিশেষ ট্রেন পরিষেবা দেওয়া হবে বলে মেট্রো রেলের মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র জানিয়েছেন।

### বাইট

এদিক, রেলের টিকিট বুকিং-এর সময়সীমা ১২০ দিনের পরিবর্তে ৬০ দিন হচ্ছে। মুখ্য জনসংযোগ আধিকারিক কৌশিক মিত্র এক প্রেস বিজ্ঞপ্তিতে জানিয়েছেন।

---

হায়দ্রাবাদের গাছিবউলি স্টেডিয়ামে আইএসএল ফুটবলের ম্যাচে মোহনবাগান সুপারজায়ান্ট ২-০ গোলে হায়দ্রাবাদ এফসিকে হারিয়ে দিয়েছে। মোহনবাগানের হয়ে গোল দুটি করেছেন মনবীর সিং ও শুভাশীষ বোস। এই ম্যাচে জয়ের ফলে ৬ ম্যাচে ১৩ পয়েন্ট নিয়ে মোহনবাগান লিগ তালিকায় দ্বিতীয় স্থানে উঠে এলো।

---